রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৮, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১ কার্তিক ১৪১৩/১৬ অক্টোবর ২০০৬

এস, আর, ও নং ২৫৮-আইন/২০০৬।—Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) এর section 109 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা ঢাকা মেট্রোপলিটন পুলিশ (নিয়োগ, শিক্ষানবিস এবং পদোন্নতি) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"অধ্যাদেশ"** অর্থ Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) ;

(খ) **"অতিরিক্ত কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার ;

(গ) **"অধঃস্তন কর্মকর্তা"** অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের ইন্সপেক্টর, সার্জেন্ট, সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল, নায়েক ও কনস্টেবল ;



মূল্য ঃ টাকা ৪.০০

(ঘ) **"উপ-কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার এবং, ক্ষেত্রমত, যুগ্ম-কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(ঙ) **"কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(১) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার ;

(চ) **"কর্তৃপক্ষ"** অর্থ পুলিশ কমিশনার বা তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন উর্দ্ধতন কর্মকর্তা ;

(ছ) **"থানা"** অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898) এর section 4(1) (s) এর অধীন সরকার কর্তৃক ঘোষিত এবং নির্ধারিত এলাকা যা প্রধানতঃ পুলিশের তদন্ত ইউনিট ;

(জ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(ঝ) **"ফৌজদারী কার্যবিধি"** অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898) ;

(ঞ) **"সহকারী কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার এবং, ক্ষেত্রমত, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী কমিশনার ও তদূর্ধ্ব কর্মকর্তাদের নিয়োগ।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী কমিশনার ও তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণ সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত শর্তানুসারে নিয়োগপ্রাপ্ত হইবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কর্মকর্তাদের নিয়োগ, শিক্ষানবিস এবং পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারের সদস্যদের জন্য প্রযোজ্য বিধি-বিধান প্রযোজ্য হইবে।

(৩) ইন্সপেক্টর পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত সহকারী পুলিশ কমিশনারগণ বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারের সদস্য হিসাবে গণ্য হইবেন এবং তাহারা বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর বিধান অনুযায়ী বিভাগীয় পদোন্নতি কমিটি এবং সরকারী কর্ম কমিশনের সুপারিশক্রমে রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইবেন।

৪। **ইন্সপেক্টর নিয়োগ।**—ইন্সপেক্টর নিয়োগের ক্ষেত্রে জুনিয়র পুলিশ সার্ভিস বিধিমালা, ১৯৬৯ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫। **ইন্সপেক্টর পদে পদোন্নতির জন্য যোগ্য সাব-ইন্সপেক্টর এবং সার্জেন্টদের নাম অনুমোদিত তালিকায় অন্তর্ভুক্তিকরণ।**—জুনিয়র পুলিশ সার্ভিস বিধিমালা,১৯৬৯ অনুসারে ইন্সপেক্টর পদে পদোন্নতির জন্য যোগ্য সাব-ইন্সপেক্টর এবং সার্জেন্টদের নাম অনুমোদিত তালিকায় অন্তর্ভুক্ত করিতে হইবে।

৬। **অধস্তন কর্মকর্তাদের নিয়োগ, শিক্ষানবিস, ইত্যাদি।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রয়োজন অনুযায়ী পুলিশ হেড কোয়ার্টার, সরকারের অনুমোদনক্রমে, প্রচলিত বিধি-বিধান অনুসারে ঢাকা মেট্রোপলিটন পুলিশের জন্য অধস্তন কর্মকর্তা (ইন্সপেক্টর ব্যতীত) নিয়োগ করিতে পারিবে এবং বাংলাদেশ পুলিশের জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী অধস্তন কর্মকর্তাদের শিক্ষানবিস এবং স্থায়ীকরণ করা হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কর্মকর্তাদের নিয়োগের শর্তাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ অধস্তন কর্মকর্তাদের ঢাকা মেট্রোপলিটন পুলিশ হইতে প্রত্যাহার করিয়া যে কোন বাহিরের ইউনিট বা অন্যত্র বদলীর মাধ্যমে নিয়োগ করিতে পারিবে।

৭। **অধস্তন কর্মকর্তাদের পদোন্নতি পদ্ধতি।**—অধস্তন কর্মকর্তাদের (ইন্সপেক্টর ব্যতীত) পদোন্নতি পরীক্ষার ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে এতদুদ্দেশ্যে জারীকৃত আদেশ প্রযোজ্য হইবে।

৮। **ঢাকা মেট্রোপলিটন পুলিশের জন্য অধস্তন কর্মকর্তা নির্বাচন।**—(১) এই বিধি বা অন্য কোন বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অধস্তন কর্মকর্তাদেরকে পুলিশ বাহিনীর সদস্যদের মধ্য হইতে নির্বাচন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত উদ্দেশ্য পূরণকল্পে ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ কর্তৃক মনোনীত ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ একজন পুলিশ কর্মকর্তা এবং কমিশনার কর্তৃক মনোনীত উপ-কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ দুই জন কর্মকর্তা সমন্বয়ে একটি নির্বাচনী বোর্ড গঠন করা হইবে এবং এইরূপে গঠিত বোর্ড ইন্টারভিউ, সার্ভিস বহি এবং শারীরিক সক্ষমতা পরীক্ষা-নিরীক্ষা করিয়া অধস্তন কর্মকর্তা বাছাই করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন গঠিত বোর্ড অধস্তন কর্মকর্তাদের প্যানেল তৈরী করিয়া পুলিশ হেডকোয়ার্টারে প্রেরণ করিবে এবং ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ প্রয়োজন অনুযায়ী প্যানেলভুক্ত ব্যক্তিদের মধ্য হইতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের জন্য অধস্তন কর্মকর্তাদের বদলীর মাধ্যমে নিয়োগ করিবে।

৯। **সহকারী এবং অন্যান্য কর্মচারী নিয়োগের পদ্ধতি।**—ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন দপ্তরে সহকারী ও অন্যান্য কর্মচারীগণ "পুলিশ বিভাগ (নন-পুলিশ কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬" অনুসারে নিয়োগপ্রাপ্ত হইবেন এবং এইরূপ প্রার্থীর অবশ্যই কম্পিউটার বিষয়ক কারিগরি জ্ঞান ও দক্ষতা থাকিতে হইবে।

১০। **হাবিলদার মেজর।**—(১) কমিশনার স্পেশাল আর্মড ফোর্স অথবা অন্য কোন ফোর্স বা ডিভিশনের হেড কনস্টেবলের মূল পদের পদধারী এবং যাহারা বিশেষ মেধাসম্পন্ন তাহাদের মধ্য হইতে উপযুক্ত কর্মকর্তাকে হাবিলদার মেজর করিতে পারিবেন এবং এই পদগুলি স্বতন্ত্র পদ হিসাবে গণ্য হইবে এবং প্রত্যেক জরুরী ফোর্স বা ডিভিশনের জন্য একটি পদের বেশী হাবিলদার মেজর পদ সংযুক্ত করা যাইবে না।

(২) হাবিলদার মেজর একজন হেড কনস্টেবল এর বেতন ও ভ্রমণ ভাতা পাইবেন, কিন্তু হেড কনস্টেবল হইতে তাহার পদ উচ্চতর হইবে।

১১। **বিনাঅনুমতিতে সরকারী বা বেসরকারী চাকুরীর জন্য আবেদনে বাধা-নিষেধ।**—(১) প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োজিত একজন ব্যক্তি অন্যত্র সরকারী বা বেসরকারী চাকুরীর জন্য আবেদন করিতে পারিবেন না কিংবা তাহার নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত উক্ত চাকুরীতে যোগদানের বিষয়ে তাহার ইচ্ছা ব্যক্ত করিতে পারিবেন না।

(২) যদি প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত একজন ব্যক্তি বেসরকারী চাকুরীর জন্য অনুমতির আবেদন প্রত্যাখাত হয় এবং আবেদনকারী সরকারী চাকুরী হইতে পদত্যাগের ইচ্ছা প্রকাশ করেন তাহা হইলে তাহার পদত্যাগপত্র সাধারণত গৃহিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, আবেদনকারীর পদত্যাগ প্রজাতন্ত্রের চাকুরীর ক্ষেত্রে ক্ষতিকর হইবে মর্মে কর্তৃপক্ষ মনে করিলে বেসরকারী চাকুরীতে যোগদানের জন্য তাহার পদত্যাগ গৃহিত হইবে না।

(৩) বেসরকারী চাকুরীর জন্য অনুমতিপ্রাপ্ত প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত কোন ব্যক্তির দরখাস্ত গৃহিত হইলে, সরকারী চাকুরী হইতে তাহাকে পদত্যাগ করিতে হইবে এবং তিনি কোন ছুটি প্রাপ্ত হইবেন না এবং লিয়েনের অধিকারী হইবেন না।

(৪) বিজ্ঞপ্তি জারী করা না হইলে প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োজিত একজন ব্যক্তি সরকারের অন্য কোন ডিপার্টমেন্ট বা অফিস অথবা কোন বিদেশী সরকার বা আন্তর্জাতিক সংস্থায় চাকুরীর জন্য আবেদন করিতে পারিবেন না।

(৫) প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োজিত একজন ব্যক্তি তাহার পদের বা চাকুরীর নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে উপ-বিধি (৪) এ উল্লিখিত পদে নিযুক্তির জন্য আবেদন করিতে পারিবেন এবং কর্তৃপক্ষের নিকট এই ধরনের বদলি সরকারী চাকুরীর স্বার্থের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় মর্মে বিবেচিত হইলে এইরূপ অনুমতি সাধারণতঃ মঞ্জুর করা হইবে না।

(৬) সরকারের পূর্বানুমোদনক্রমে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কোন ব্যক্তি সরকারের অন্য কোন বিভাগ বা দপ্তরের অধীন চাকুরী বা পদের জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব (পুলিশ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।